

Ex/BNG/UG/4.3/60/2019(OLD)

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯
(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার, পুরাতন পাঠক্রম)
সাম্মানিক বাংলা
উনিশ শতকের বাংলা সাহিত্য (পর্ব ২)
কোর্স : ইউ.জি. : ৪.৩

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'বীরঙ্গনা কাব্য'-এ মধুসূদন নারীজীবনের বিশেষ কয়েকটি সংকট মুহূর্তকে বেছে নিয়েছেন। এই মুহূর্তগুলি কীভাবে নাট্যসংঘাতময় হয়ে উঠেছে, তা তোমার পড়া অন্তত দুটি পত্রিকা অবলম্বনে আলোচনা করো। ১০
অথবা
২. 'বীরঙ্গনা কাব্য'-র নায়িকাদের চরিত্রচিত্রণের পক্ষে পত্রকাব্যের বিশেষ রূপকল্পটি কতটা অপরিহার্য ছিল বলে তোমার মনে হয়? ১০
৩. ঈশ্বর গুপ্তের কবিতায় রক্ষণশীলতা ও প্রগতিশীলতার যে সহাবস্থান দেখা যায় পাঠ্য কবিতা অবলম্বনে তার পরিচয় দাও। ১০
অথবা
৪. গিরীন্দ্রমোহিনী দাসীর কবিতায় স্বামী হারানোর বেদনা আর অক্ষয়কুমার বড়ালের কবিতায় স্ত্রীকে হারানোর যন্ত্রণা কবিতাগুলি কি একই ধরনের? শব্দ ব্যবহার, ভাষা প্রয়োগ ও আঙ্গিকের পর্যালোচনা করে এ বিষয়ে তোমার মত জানাও। ১০

(Turn over)

(2)

৫. 'একেই কি বলে সভ্যতা' ও 'বুড় সালিখের ঘাড়ে রৌ' প্রহসন দুটিতে সমকালীন সমাজ সম্পর্কে যে গভীর, তীক্ষ্ণ সমালোচনা আছে তার স্বরূপ আলোচনা করো। ১০

অথবা

৬. 'একেই কি বলে সভ্যতা' নাটকে সংলাপের ভাষা বিভিন্ন চরিত্রের সামাজিক অবস্থানকে স্পষ্ট করে দিয়েছে। এমনকি একই চরিত্রের ভাষাভঙ্গি ভিন্ন পরিবেশে আলাদা হয়ে গেছে। - প্রসঙ্গ উল্লেখ করে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

৭. 'নীলদর্পণ' নাটকে কোনো বিশেষ চরিত্রকে কি কেন্দ্রীয় চরিত্র বলে চিহ্নিত করা যায়? কেন এবং কীভাবে সেটি প্রধান চরিত্র হয়ে উঠেছে - বিশ্লেষণ করো। ১০

অথবা

৮. 'নীলদর্পণ' নাটকে দুই সাহেবের চরিত্র-বৈশিষ্ট্য পার্থক্য তাদের সংলাপের মধ্যে দিয়ে নাট্যকার কীভাবে ফুটিয়ে তুলেছেন আলোচনা করো। ১০